MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২২/ 200

তারিখঃ ১২/০৯/২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ পোশাক শিল্পের পণ্য চালান রপ্তানিতে Short Shipment সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য Asycuda World System-এ হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) বাংলাদেশ ব্যাংকের পত্রের সূত্র নং এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২-৩৬৪১, তারিখ: ০৬/০৯/২০২২।
(খ) বিজিএমইএ'র পত্র নং বিজিএ/কাস/২০২২/৬২৯৩, তারিখ: ১১/০৯/২০২২।
(গ) বিজিএমইএ'র পত্র নং বিজিএমইএ/চট্ট/কাস/২০২২/৭৮৩, তারিখ: ০৬/০৯/২০২২।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সূত্রোক্ত 'ক' স্মারকের মাধ্যমে Short Shipment সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে Asycuda World System-এ হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। অন্যথায় সংশ্লিষ্ট রপ্তানিকারকগণের সরকারী নগদ সুবিধা ও ইডিএফ ঋণ সুবিধা বন্ধ করার বিষয়টি বিবেচনা করা হতে পারে মর্মে উক্ত পত্রে উল্লেখ রয়েছে।

উল্লেখ্য, বিষয়টি জরুরী ভিত্তিতে সমাধানের লক্ষ্যে ইতিমধ্যে বিজিএমইএ'র পক্ষ হতে চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (সূত্র 'খ') এবং কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম (সূত্র 'গ') এর নিকট পত্র প্রেরণ করা হয়েছে।

নিরবিচ্ছিন্নভাবে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে Short Shipment সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে Asycuda World System-এ হালনাগাদকরণের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

১২/৯/২০২২

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

Shahinur-customs

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(এক্সপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২- ৩৬৪১

তারিখঃ ০৬/০৯/২০২২ ইং

সভাপতি
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স
বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭
ব্লকঃ এইচ-১, উত্তরা
ঢাকা-১২৩০।

প্রিয় মহোদয়,

**অপ্রত্যাবাসিত ও মেয়াদোত্তীর্ণ রপ্তানি বিলের প্রকৃত তথ্য হিসাবায়ন প্রসঙ্গে।**

এক্সপোর্ট প্রোমোশন ব্যুরো ও বাংলাদেশ ব্যাংকের রপ্তানি পরিসংখ্যানের তারতম্যের বিষয়ে বিগত ০৩/০১/২০২১ তারিখে এ কার্যালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী, উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে জাতীয় রাজস্ব বোর্ডের ২৬/০১/২০২১ তারিখের নথি নং- ০৮.০১.০০০০.০৯১.৯৯.০০১.১৮/১৬ ও কাস্টম হাউজ, চট্টগ্রাম এর ২২/০৪/২০২১ তারিখের নথি নং- ১৩৫/বিবিধ/রপ্তানি/অনিষ্পন্ন/২০২০-২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২) এ কার্যালয়ের নিকট রক্ষিত তথ্য অনুযায়ী, পণ্য রপ্তানিকালে শর্ট শিপমেন্টজনিত কারণে অদ্যাবধি মাঃডঃ ২৭৫.৯৮ মিলিয়ন পরিমাণের রপ্তানি মূল্য মেয়াদোত্তীর্ণ অবস্থায় রয়েছে। শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট উক্ত বিল অব এক্সপোর্টসমূহের তথ্য জাতীয় রাজস্ব বোর্ডের ASYCUDA World System এ হালনাগাদের কাজ আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে আপনাদের সদস্য রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহকে তাগাদা প্রদানের জন্য অনুরোধ করা হল।

০৩) এ সময়সীমার মধ্যে শর্ট শিপমেন্ট সংক্রান্ত বিল অব এক্সপোর্ট হালনাগাদ করা না হলে সংশ্লিষ্ট রপ্তানিকারকগণের সরকারী নগদ সুবিধা ও ইডিএফ ঋণ সুবিধা বন্ধ করার বিষয়টি বিবেচনা করা হতে পারে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোকাদ্দেম আহামদ)
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১

সংযুক্তিঃ
১. এক্সপোর্ট প্রোমোশন ব্যুরো ও বাংলাদেশ ব্যাংকের রপ্তানি পরিসংখ্যানের তারতম্যের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।
২. জাতীয় রাজস্ব বোর্ডের ২৬/০১/২০২১ তারিখের নথি নং- ০৮.০১.০০০০.০৯১.৯৯.০০১.১৮/১৬।
৩. কাস্টম হাউজ, চট্টগ্রাম এর ২২/০৪/২০২১ তারিখের নথি নং- ১৩৫/বিবিধ/রপ্তানি/অনিষ্পন্ন/২০২০-২০২১।

Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

বিজিএ/কাস/২০২২/ ৬২৭৩

**জরুরী**

১১ সেপ্টেম্বর, ২০২২

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণঃ সদস্য, শুল্কনীতি ও আইসিটি।**

**বিষয়ঃ পোশাক শিল্পের পণ্য চালান রপ্তানিতে Short Shipment এর তথ্য Asycuda World System-এ হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (১) কাস্টম হাউজ, চট্টগ্রামে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর নথি নং- ১৩৫/বিবিধ/রপ্তানি/অনিষ্পন্ন/২০২০-২০২১/৩২৮০৪(কাস), তারিখ: ২২/০৪/২০২১।
(২) জাতীয় রাজস্ব বোর্ডের পত্রের নথি নং- ০৮.০১.০০০০.০৯১.৯৯.০০১.১৮/১৬, তারিখ: ২৬/০১/২০২১।
(৩) জাতীয় রাজস্ব বোর্ডের পত্রের নথি নং- ০৮.০১.০০০০.০৯১.৯৯.০০১.১৮/২৭১, তারিখ- ১৭/০৮/২০২০।
(৪) বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত সভার কার্যবিবরনীর সূত্র নং এফইওডি/এক্সপোর্ট/৫৫৪/২০২১-২০৫, ২০/০১/২০২১।
(৫) বাংলাদেশ ব্যাংকের পত্রের সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২-৩৬৪১,তারিখ: ০৬/০৯/২০২২।

প্রিয় মহোদয়,

উল্লেখিত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। পোশাক শিল্পের পণ্য চালান রপ্তানি পরবর্তীতে Short Shipment সংক্রান্ত তথ্যসমূহ Asycuda World System-এ হালনাগাদকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস্ হাউজ, চট্টগ্রাম, বাংলাদেশ ব্যাংক, ইপিবি এবং সংশ্লিষ্ট ষ্টেক হোল্ডারদের সমন্বয়ে একাধিক সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভাসমূহে বিস্তারিত পর্যালোচনার প্রেক্ষিতে Short Shipment সংক্রান্ত তথ্য Asycuda World System-এ হালনাগাদকরণের নিমিত্তে সূত্রোক্ত-১, ২, ৩ ও ৪ নং পত্র ও কার্যবিবরনীর মাধ্যমে নির্দেশনা প্রদান ও সিদ্ধান্ত গ্রহন করা হয়। কিন্তু অদ্যাবধি অধিকাংশ প্রতিষ্ঠানের Short Shipment সংক্রান্ত রপ্তানি তথ্যসমূহ Asycuda World System-এ হালনাগাদকরণ করা হয়নি মর্মে আমাদের বিভিন্ন সদস্য প্রতিষ্ঠান হতে এ'দপ্তরকে অবহিত করা হয়েছে।

উল্লেখ্য, সূত্রোক্ত '৫' নং পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এ'দপ্তরকে নির্দেশনা প্রদান করা হয় যে, আগামী ৩১/১২/২০২২ইং তারিখের মধ্যে Short Shipment সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য Asycuda World System-এ হালনাগাদ করা না হলে সংশ্লিষ্ট রপ্তানিকারকদের সরকারি নগদ সুবিধা ও ইডিএফ ঋণ সুবিধা বন্ধ করা হবে। ফলে লিয়েন ব্যাংক কর্তৃক রপ্তানির বিপরীতে প্রত্যাবাসিত বৈদেশিক মুদ্রা ছাড়করণে জটিলতা সৃষ্টিসহ আর্থিক ক্ষতির সম্মুখিন হয়ে রপ্তানিতে বিঘ্ন সৃষ্টি হবে। যা বর্তমান অর্থনৈতিক সংকটকালীন মুহুর্তে কোন ভাবেই কাম্য নয়।

**বর্ণিত বিষয়টি সদয় বিবেচনা পূর্বক জাতীয় রপ্তানির বৃহত্তর স্বার্থে পোশাক শিল্পের রপ্তানির বিপরীতে Short Shipment সংক্রান্ত তথ্যাদি Asycuda World System-এ হালনাগাদকরণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জরুরী ভিত্তিতে নির্দেশনা প্রদান এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

ধন্যবাদান্তে,

**ফারুক হাসান**
সভাপতি

বিজিএমইএ/চট্ট/কাস/২০২২/৭৮৩
১০ সেপ্টেম্বর, ২০২২ইং

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

বরাবর
কমিশনার
কাষ্টম হাউস, চট্টগ্রাম।

জরুরী

বিষয় ঃ **পোশাক শিল্পের চালান রপ্তানীতে Short Shipment এর তথ্য এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ
১) জাতীয় রাজস্ব বোর্ডের পত্রের নথি নং- ০৮.০১.০০০০.০৯১.৯৯.০০১.১৮/২৭১, তারিখ- ১৭/০৮/২০২০ইং।
২) বিগত ২৫/০৩/২০২১ইং তারিখে কাস্টম হাউজ, চট্টগ্রামে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর নথি নং- ১৩৫/বিবিধ/রপ্তানী/অনিষ্পন্ন/২০২০-২০২১/৩২৮০৪(কাস), তাং- ২২/০৪/২০২১ইং।
৩) জাতীয় রাজস্ব বোর্ডের পত্রের নথি নং- ০৮.০১.০০০০.০৯১.৯৯.০০১.১৮/১৬, তারিখ- ২৬/০১/২০২১ইং।
৪) বিজিএমইএ'র মাননীয় সভাপতি বরাবরে বাংলাদেশ ব্যাংকের পত্রের সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২-৩৬৪১, তাং- ০৬/০৯/২০২২ইং।

প্রিয় মহোদয়,
আস্সালামু আলাইকুম।
উল্লেখিত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, পোশাক শিল্পের পণ্য চালান রপ্তানী পরবর্তীতে Short Shipment সংক্রান্ত তথ্য সমূহ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম-এ হালনাগাদকরণে জাতীয় রাজস্ব বোর্ড এবং কাস্টমস্ হাউজ, চট্টগ্রাম এর সহিত সংশ্লিষ্ট ষ্টেক হোল্ডাদের দীর্ঘ আলোচনার প্রেক্ষিতে সূত্রোক্ত-১, ২ ও ৩ এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ'প্রেক্ষিতে কাস্টমস্ হাউজ, চট্টগ্রামের নির্দেশনা মোতাবেক পোশাক শিল্প প্রতিষ্ঠান সমূহ সংশ্লিস্ট দলিলাদি সহ আবেদন আপনার দপ্তরে দাখিল করেছে। কিন্তু অদ্যাবধি অধিকাংশ আবেদনের ক্ষেত্রে Short Shipment সংক্রান্ত রপ্তানি তথ্য সমূহ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম-এ হালনাগাদকরণ করা হচ্ছে না মর্মে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক অত্র দপ্তরকে অবহিত করা হয়েছে।

**উল্লেখ্য, সূত্রোক্ত-৪ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক উক্ত বিষয়ে আগামী ৩১/১২/২০২২ইং তারিখের মধ্যে Short Shipment সংক্রান্ত বিল অব এক্সপোর্ট সমূহের তথ্য এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম-এ হালনাগাদকরণ অন্যথায় সংশ্লিষ্ট রপ্তানিকারকদের সরকারী নগদ সুবিধা ও ইডিএফ ঋণ সুবিধা বন্ধ করা হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। ফলে লিয়েন ব্যাংক কর্তৃক রপ্তানীর বিপরীতে প্রত্যাবাশিত বৈদেশিক মুদ্রা ছাড়করণে জটিলতা সৃষ্টি সহ আর্থিক ক্ষতির সম্মুখিন হয়ে রপ্তানিতে বিঘ্ন সৃষ্টি হতে পারে। যা বর্তমান অর্থনৈতিক সংকটকালীন মুহূর্তে কোন ভাবেই কাম্য নহে।**

**বর্ণিত বিষয়টি সদয় বিবেচনা পূর্বক জাতীয় রপ্তানীর বৃহত্তর স্বার্থে পোশাক শিল্পের রপ্তানীর বিপরীতে Short Shipment সংক্রান্ত তথ্যাদি এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম-এ হালনাগাদকরণে সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ হলো।**

ধন্যবাদান্তে-
আপনার বিশ্বস্ত,

সৈয়দ নজরুল ইসলাম
প্রথম সহ-সভাপতি

সংযুক্তি ঃ সূত্রোক্ত পত্রের কপি সমূহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
১। সভাপতি, বিজিএমইএ।
২। সদস্য (শুল্ক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সভাপতি, চট্টগ্রাম কাস্টমস্ এজেন্ট এসোসিয়েশন, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, কাস্টমস্ বিষয়ক স্থায়ী কমিটি, ঢাকা/চট্টগ্রাম।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
বাংলাদেশে তৈরি

**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org
BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
\\192.168.1.240\New WORK-DOC\Customs\COMISONR 2022.DOC